

‘গণমাধ্যম পিছিয়ে গেলে দেশ পিছিয়ে পড়বে’

জবি প্রতিনিধি

৭ এপ্রিল ২০২৩ ১০:৪৯ পিএম |

আপডেট: ৭ এপ্রিল ২০২৩ ১০:৪৯

পিএম

3
Shares



পিআইবি মহাপরিচালক জাফর ওয়াজেদ। ছবি: আমাদের সময়

advertisement

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশের (পিআইবি) মহাপরিচালক জাফর ওয়াজেদ বলেছেন, গণমাধ্যম পিছিয়ে গেলে দেশ ও জাতি পিছিয়ে পড়বে। তাই সাংবাদিকদের উচিত সকল বাধা বিপত্তি উপেক্ষা করে সাহসের সঙ্গে সত্য সংবাদ তুলে আনা।

আজ শুক্রবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ অ্যালামনায়েস গণমাধ্যমের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ শীর্ষক এক আলোচনা সভা ও দোয়া মাহফিলে এ কথা বলে তিনি।

advertisement

জাফর ওয়াজেদ বলেন, দেশ নিন্দা মাতৃ নিন্দার মতো পাপ। মায়ের নিন্দা করলে যেমন পাপ হয়। তেমন নিজ দেশের নিন্দা করলে একই পাপ হয়। এ দেশ স্বাধীন করতে এক সাগর রক্ত দিতে হয়েছে। লাখো মায়ের সম্ভ্রম বিলিয়ে দিতে হয়েছে। তাই দেশের জন্য গণমাধ্যমকে কাজ করতে হবে।

তিনি আরও বলেন, বর্তমানে সংবাদপত্র কর্পোরেটদের হাতে চলে গেছে। সাংবাদিকরা তাদের কথায় চলছে। আগে রাজনৈতিকবিদরা চালাত, এখন কর্পোরেটরা গণমাধ্যম চালাচ্ছে। স্বাধীনতা বিরোধীরা এখনো নিঃচিহ্ন হয়ে যায়নি। গণমাধ্যমে তাদের অবস্থান আছে। তাই সবার সজাগ থাকতে হবে।

advertisement

পিআইবি মহাপরিচালক বলেন, বর্তমানে প্রধানমন্ত্রী তথ্য অধিকার আইন প্রণেয়ন করেছে। তথ্য না দিলে মামলা করার সুযোগ রয়েছে। প্রত্যেক সরকারি অফিসে তথ্য কর্মকর্তা রয়েছে। সাংবাদিকদের এ সুযোগ কাজে লাগাতে হবে।

ডিজিটাল নিরাপত্তা আইন সম্পর্কে তিনি বলেন, ‘টিভি বা পত্রিকার জন্য ডিজিটাল নিরাপত্তা আইন নয়। ফেসবুক, অনলাইনকেও নিয়ন্ত্রণ করা। অনলাইনে অনেক নিউজ করে থাকে যা একপেশে। তাদের জন্য এ আইন। যারা ডিজিটাল নিরাপত্তা আইনে গ্রেপ্তার হয়েছে তারা অধিকাংশই অনলাইনে লেখার কারণে। আমাদের এখানে সাইবার অপরাধ অনেক বেড়ে গেছে। ডিজিটাল নিরাপত্তা আইনের বিরোধিতা করা করছে তা দেখতে হবে।’

অ্যালামনাইয়ের সভাপতি মাহবুব আলমের সভাপতিত্বে ও নাজমুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. শাহ নিসতার জাহার কবির, সহকারী অধ্যাপক রাইসুল ইসলাম ও প্রভাষক শেখ আবু রায়হান সিদ্দিকীসহ বিশ্ববিদ্যালয়ের নানা কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থী উপস্থিত ছিলেন।